যুগান্তর

তারিখ ০৫ MAY 2015
পৃষ্ঠা ২ কলাম ৪

# সাপের লেজে পা দিয়েছে বুয়েট শিক্ষকরা

— ছাত্রলীগ সভাপতি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ছাত্রলীগ সভাপতি এইচএম বদিউজ্জামান সোহাগ বলেছেন, বুয়েট ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদককে বিশ্ববিদ্যালয়টি থেকে আজীবনের জন্য বহিষ্কার করে সাপের-লেজে পা দিয়েছেন বুয়েট শিক্ষকরা। তাই তাদের এর প্রতিঘাত পেতেই হবে। আন্দোলনের মাধ্যমে বুয়েট প্রশাসনকে বহিষ্কারাদেশ প্রত্যাহারে বাধ্য করা হবে বলেও ঘোষণা দেন তিনি। সোমবার বুয়েট ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদককে বহিষ্কারের প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ আয়োজিত বিক্ষোভ মিছিল পরবর্তী সমাবেশে তিনি এসব কথা বলেন। বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ সভাপতি মেহেদী হাসান মোল্লার সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ওমর শরীফের সঞ্চালনায় সমাবেশে উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম, সহসভাপতি জয়দেব নন্দী, যুগ্ম সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান মোস্তাক, হাসানুজ্জামান তারেক, শেখ রাসেল, পরিবেশবিষয়ক সম্পাদক সাইফুর রহমান সোহাগ, এরশাদুর রহমান চৌধুরী, কাজী এনায়েত, আবিদ আল হাসান প্রমুখ।